রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১৩, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-৯

## বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আশ্বিন, ১৩৯৭/৯ই অক্টোবর, ১৯৯০

এস, আর, ও নং ৩৫০-আইন/৯০—ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২৪ নং আইন) এর ধারা ৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা ভূমি আপীল বোর্ড বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯;

(খ) "চেয়ারম্যান" অর্থ ভূমি আপীল বোর্ডের চেয়ারম্যান;

(গ) "ফুলবোর্ড" অর্থ চেয়ারম্যান ও সদস্যদের সমন্বয়ে গঠিত বোর্ড;

(ঘ) "শাখা" অর্থ সুষ্ঠুভাবে বোর্ডের কর্ম সম্পাদনের জন্য গঠিত একটি কার্য্য ইউনিট;

(ঙ) "সদস্য" অর্থ ভূমি আপীল বোর্ডের সদস্য;

(চ) "সচিব" অর্থ ভূমি আপীল বোর্ডের সচিব।



মূল্যঃ ৩০ পয়সা

৩। বোর্ডের কার্য্য বন্টন ও পদ্ধতি।—(১) বোর্ড ভূমি, ভূমি রাজস্ব ও ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি বিষয়ক সমুদয় আইনের অধীনে এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/আদেশ মোতাবেক বিভাগীয় কমিশনারের আদেশের বিরুদ্ধে নিম্নবর্ণিত বিষয়ে আপীল/রিভিশন মামলা শুনানী করিবে এবং সরকার কর্তৃক বোর্ডের নিকট প্রেরিত যে কোন বিষয়ে পরামর্শ প্রদান করিবে :—

(ক) ভূমি সংক্রান্ত মামলা (রাজস্ব সম্পর্কীয়);

(খ) নামজারী ও খারিজ মামলা;

(গ) সায়রাত ও জলমহাল সংক্রান্ত মামলা;

(ঘ) ভূমি রেকর্ড সম্পর্কিত মামলা;

(ঙ) ভূমি উন্নয়ন কর সার্টিফিকেট মামলা;

(চ) খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত মামলা;

(ছ) পি, ডি, আর, এ্যাক্টের অধীনে দায়েরকৃত রিভিশন/আপীল মামলা;

(জ) অর্পিত, পরিত্যক্ত ও বিনিময় সম্পত্তি বিষয়ক মামলা;

(ঝ) ওয়াকফ/দেবোত্তর সম্পত্তি সংক্রান্ত মামলা (উক্ত সম্পত্তি ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিষয় ব্যতীত);

(ঞ) সরকার কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত অন্যান্য দায়িত্ব পালন;

(ট) অধঃস্তন ভূমি আদালতসমূহের কার্যক্রম পরিদর্শন, অনুবীক্ষণ ও মূল্যায়ন;

(ঠ) ভূমি সংক্রান্ত আইন, আদেশ ও বিধি সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত বিষয়াদিতে পরামর্শ দান।

(২) চেয়ারম্যান ও সদস্যগণ পৃথক এবং এককভাবে পক্ষগণকে শুনানীক্রমে আপীল/রিভিশন এবং পুনর্বিবেচনার আবেদনের উপর আদেশ প্রদান করিবেন এবং উক্ত আদেশ বোর্ডের আদেশ হিসাবে গণ্য হইবে।

(৩) বোর্ড কর্তৃক প্রদত্ত কোন আদেশের পুনর্বিবেচনা, মামলার আইনগত জটিলতা বা আইনের ব্যাখ্যার প্রয়োজন দেখা দিলে চেয়ারম্যান বিষয়টি ফুলবোর্ডে (চেয়ারম্যান ও সদস্যগণ সমন্বয়ে গঠিত বোর্ড) বিবেচনার জন্য উপস্থাপনের আদেশ প্রদান করিতে পারিবেন এবং সদস্য উক্তরূপ আদেশের জন্য চেয়ারম্যানের নিকট বিষয়টি উপস্থাপন করিবেন। চেয়ারম্যান বিষয়টির উপর ফুলবোর্ডের সিদ্ধান্তের প্রয়োজন মনে করিলে তিনি ফুলবোর্ডে বিষয়টি পেশ করিবেন এবং ফুলবোর্ড শুনানীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) বোর্ডের যে কোন বিচার ও প্রশাসনিক বিষয়ক ব্যবস্থা ভূমি আপীল বোর্ডের নামে গৃহীত হইবে।

(৫) পক্ষগণ স্বয়ং অথবা (নিযুক্ত) আইনজীবীর মাধ্যমে আপীল/রিভিশন ও পুন-বিবেচনার (রেভিউ) আবেদন দায়ের করিবেন।

(৬) চেয়ারম্যান বোর্ডের প্রশাসনিক ব্যবস্থাপনার উদ্দেশ্যে কয়েকটি শাখা গঠন করিবেন এবং শাখাসমূহে নির্দিষ্ট দায়িত্ব অর্পণ করিবেন।

৪। আদেশ।—(১) বোর্ডের সমীপে দায়েরকৃত আপীল/রিভিশন ও পুনর্বিবেচনার আবেদনে বোর্ড আদেশ প্রদান করিবেন।]

(২) আপীল/রিভিশন মামলায় আদেশ প্রদানের পূর্বে বোর্ড পক্ষগণকে নোটিশ প্রদান এবং সংশ্লিষ্ট সমুদয় রেকর্ড তলব ও পর্য্যালোচনা করিতে পারিবে।

(৩) পুনর্বিবেচনার আবেদনের পক্ষগণকে নোটিশ প্রদান করিতে পারিবে।

(৪) [আপীল/রিভিশন মামলায় ন্যায় বিচারের স্বার্থে বোর্ড প্রয়োজন মনে করিলে কোন মামলা প্রয়োজনীয় ও যথাযথ নির্দেশসহ তর্কিত আদেশ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট পুনঃ প্রেরণ করিতে পারিবে।

৫। পুনর্বিবেচনার আবেদন।—(১) পুনর্বিবেচনার আবেদনে তর্কিত আদেশে যে আইনগত ও তথ্যগত বিষয়াবলী বিবেচিত হয় নাই সম্পূর্ণভাবে তা উল্লেখপূর্বক পুনর্বিবেচনার বিষয়সমূহ নির্দিষ্ট করিয়া পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে।

(২) বোর্ড কর্তৃক পুনর্বিবেচনার আবেদনের উপর প্রদত্ত আদেশ এবং উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে আপীল/রিভিশন মামলায় প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। কার্য্য পরিচালনা।—(১) বোর্ড সেক্রেটারিয়েট ইনস্ট্রাকশন, ১৯৭৬ ও অপরাপর প্রচলিত সরকারী আদেশ মোতাবেক কার্য্যসম্পাদন করিবে এবং প্রয়োজনে সরকারের নির্দেশ/অনুমোদন চাহিবে।

(২) বিধি, ক্ষমতা ও সরকারী আদেশ নির্দেশের আওতাভুক্ত নয়, এমন বিষয়ে বোর্ড সরকারের নিকট বিষয়টি নির্দেশের জন্য [উপস্থাপন] করিবে।

৭। সাধারণ।—বোর্ডের সকল কর্মকর্তা এই বিধিমালা পালনে যত্নবান হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, জেড, এম, নাছিরুদ্দিন

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।